

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাটগ্রাম, লালমনিরহাট।
www.patgram.lalmonirhat.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৫২৭০.০০০.০২.০০২.১৬-২১৭

তারিখ : ৩৪-০৪-২০১৬ খ্রিঃ

বিষয় : উপজেলা আইন-শৃংখলা কমিটির মার্চ/১৬ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ নূর কুতুবুল আলম
উপজেলা নির্বাহী অফিসার
পাটগ্রাম, লালমনিরহাট।

তারিখ : ২৯ মার্চ ২০১৬

সময় : সকাল ১১.৩০ মিনিট।

স্থান : শহীদ আফজাল মিলনায়তন
পাটগ্রাম, লালমনিরহাট।

উপস্থিতি : সভায় উপস্থিতবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”তে দেখানো হলো।

সভাপতি সভায় উপস্থিত সকল সম্মানীয় সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন।

আলোচ্যসূচি-০১ঃ গত সভার কার্যবিবরণী অনুমোদন সংক্রান্ত।

গত সভার কার্যবিবরণীতে সংযোজন বিয়োজন বা সংশোধন না থাকায় সভার কার্য বিবরণী অনুমোদন করা হয়। অতঃপর অধ্যকার সভার আলোচ্য বিষয় বস্তু উপস্থাপনের জন্য সকলের প্রতি আহবান জানানো হয়।

আলোচ্য বিষয়সমূহ :

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	ইউনিয়ন পর্যায়ে চোরাচালান প্রতিরোধ কমিটির কার্যক্রম	ইউনিয়ন চেয়ারম্যানগণের নিকট হতে প্রাপ্ত আইন-শৃংখলা নিয়ন্ত্রন কমিটির মার্চ/১৬ মাসের ইউনিয়ন চোরাচালান, সন্ত্রাস ও নাশকতা, আইন-শৃংখলা কমিটির প্রতিবেদন না পাওয়ায় সভায় পর্যালোচনা করা যায়নি। সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে নিয়মিতভাবে ইউনিয়ন চোরাচালান, সন্ত্রাস ও নাশকতা, আইন-শৃংখলা কমিটির প্রতিবেদন প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে দাখিল করার জন্য বলা হলো।	ইউনিয়ন চোরাচালান, সন্ত্রাস ও নাশকতা, আইন-শৃংখলা কমিটির প্রতিবেদন প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে দাখিল করার জন্য চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো।	সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান
২	পাটগ্রাম থানা, পাটগ্রাম, লালমনিরহাট।	অফিসার ইন-চার্জ, পাটগ্রাম থানা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় মাসের অগ্রগতির বিষয়ে কোনো তথ্য জানা যায়নি। অফিসার ইন-চার্জ, পাটগ্রাম থানা উপস্থিত না থাকার অনেক সদস্য ক্ষোভ প্রকাশ করেন। সম্মানিত সদস্য মোঃ আবু তালেব বলেন যে, আইন শৃংখলা বিষয়ক অনেক কথা থাকে কিন্তু সভায় অফিসার ইন-চার্জ, পাটগ্রাম থানা থাকে না। ফলে তা নিয়ে আলোচনা করা যায় না।	পরবর্তী মাসে অফিসার ইন-চার্জ, পাটগ্রাম থানাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	অফিসার ইন-চার্জ, পাটগ্রাম থানা
৩	মহিলা বিষয়ক অধিদপ্তর, পাটগ্রাম লালমনিরহাট।	ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের নিকট হতে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, বাল্যবিবাহসহ অন্যান্য সামাজিক ব্যাধির তথ্য উপজেলা নির্বাহী অফিসে অবহিত করণের কার্যক্রম অব্যাহত আছে। চেয়ারম্যান জগতবেড় জানান যে, যৌতুক নেয়া চলছে তবে এ বিষয়ে প্রমানসহ কোন অভিযোগ পাওয়া যায়নি।	যৌন হয়রানি, বাল্যবিবাহসহ অন্যান্য সামাজিক ব্যাধির কোনো তথ্য অবগত হলে তাৎক্ষণিকভাবে উপজেলা প্রশাসন অথবা পুলিশ বিভাগকে অবহিত করতে হবে।	১। সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান। ২। মহিলা বিষয়ক কর্মকর্তা, পাটগ্রাম।

৪	ক্রাশার মেশিনের সহায়তায় যত্রতত্র পাথর ভাঙ্গা।	এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অনেক সদস্য এ বিষয়ে নিজস্ব মতামত তুলে ধরেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, এ সমস্ত মেশিন চালকদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া দরকার।	রাস্তার উপরে বা একেবারেই সংলগ্নস্থানে ক্রাশার মেশিন ব্যবহার করা যাবে না বা বিক্রির জন্য পাথর স্তুপ করে রাখা যাবে না। রাস্তায় দাড়িয়ে ট্রাকে পাথর লোড আনলোড করা যাবে না। ক্রাশার মেশিন সংক্রান্ত আইন ও নীতিমালা মেনে পাথর ভাঙ্গার ক্রাশার মেশিন পরিচালনা করতে হবে।	অফিসার ইন-চার্জ, পাটগ্রাম থানা, পাটগ্রাম, লালমনিরহাট।
৫	বিবিধ	সম্মানিত সদস্য অধ্যক্ষ পাটগ্রাম আদর্শ ডিগ্রী কলেজ বলেন যে, ঠাকুর বাড়ী এলাকার আশে পাশে রাতে মাদক সেবন চলে। এ বিষয়ে চেয়ারম্যান উপজেলা পরিষদ বলেন যে, মাদক সেবনকারী স্থানীয় লোকজন, এদের সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। বুড়িমারী এলাকায় গ্যাস প্রেরককারীগণদের বিরুদ্ধে মাইকিং করা প্রয়োজন। পৌর এলাকায় তামাক, ধান, গম, ভুট্টা পরিমাপ পরীক্ষা করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন। সম্মানিত ভাইস-চেয়ারম্যান লতিফা আক্তার সভায় বলেন যে, রাতে চলাচলকারী মোটর সাইকেলের হেড লাইট পুরা জালানো থাকার কারণে রাস্তায় চলাচল করা খুব অসুবিধা হয়।	১। মাদকের বিরুদ্ধে নিয়মিত অভিযান চালাতে হবে। ২। ধান, গম, ভুট্টা ও তামাক ওজন কারচুপির বিরুদ্ধে নিয়মিত অভিযান চালাতে হবে। ৩। মোটর সাইকেলের হেড লাইট অর্ধেক কালো কালি দ্বারা আবৃত করতে হবে। ৪। গ্যাস প্রয়োগ করে চুরি ডাকাতির সাথে জড়িতদের গ্রেফতার অভিযান চালাতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) ও অফিসার ইন-চার্জ, পাটগ্রাম থানা, পাটগ্রাম, লালমনিরহাট। ২। উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) ও অফিসার ইন-চার্জ, পাটগ্রাম থানা, পাটগ্রাম, লালমনিরহাট। ৩। সভাপতি/সম্পাদক, স্কাউটস, পাটগ্রাম, লালমনিরহাট। ৪। অফিসার ইনচার্জ, পাটগ্রাম থানা, পাটগ্রাম, লালমনিরহাট।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভায় সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নূর কুতুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
পাটগ্রাম, লালমনিরহাট।

ফোন ও ফ্যাক্স- ০৫৯২৫৫৬২০১

Email: unopatgram@mopa.gov.bd